দৈনিক ইত্তেফাক

MAR. 0 6 2001

তারিখ ... ... ... ... ... ... ...
পৃষ্ঠা ... ৩ ... কলাম ... ৫ ....

# ১২ জেলার ৮৫৯ জন অভিভাবকের আবেদন

এসএসসি পরীক্ষা চলাকালে হরতাল অথবা অন্যকোন সহিংস রাজনৈতিক কর্মসূচী না দেওয়ার জন্য ১২টি জেলার ৮৫৯ জন অভিভাবক গতকাল (সোমবার) এক যুক্ত বিবৃতি প্রদান করিয়াছেন। বিবৃতিতে বলা হয়, আমরা দেশের সাধারণ ও শান্তিপ্রিয় নাগরিক গভীর বেদনা ও দুঃখ ভারাক্রান্ত হৃদয়ে লক্ষ্য করিতেছি যে, দেশের প্রধান ও দায়িত্বশীল দলগুলির মধ্যে মতভেদ প্রায়শই সংঘাত ও রাজনৈতিক হানাহানিতে রূপ নিতেছে। ১৫ই মার্চ এসএসসি পরীক্ষা শুরু হইবে। আমরা উদ্বিগ্ন মাতা-পিতা ও অভিভাবকরা দেশের সকল দায়িত্বশী রাজনৈতিক দলের নেতৃবৃন্দ, সংসদ সদস প্রধানমন্ত্রী ও বিরোধী দলীয় নেত্রীর নিক আবেদন জানাইতে চাই- আপনারা শু দেশবরেণ্য নেত্রী নন, সন্তানের জননীও আপনারা আমাদের এই নিশ্চয়তা দিন যে আমাদের সন্তানেরা ১৫ই মার্চ হইতে নির্বিঘ্নে ও শান্তিপূর্ণ পরিবেশে পরীক্ষা দিতে পারিবে।